**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**10 MARCH 2025** **7:35 AM**

==========================================================================

রাজ্যের অর্থমন্ত্রী অজন্তা নেওগ আজ বিধানসভায় ২০২৫- ২৬ অর্থ বছরের সাধারণ বাজেট পেশ করবেন । এটি হবে ড.হিমন্ত বিশ্ব শর্মা নেতৃত্বাধীন বিজেপি সরকারের পাঁচ বছর কার্যকালের শেষ পূর্ণাঙ্গ বাজেট । অর্থমন্ত্রী অজন্তা নেওগ ইতিমধ্যে সাংবাদিকদের জানিয়েছেন যে সরকার একটি ভালো বাজেট পেশ করার চেষ্টা করছে । অর্থমন্ত্রী শ্রীমতি নেওগ জানান যে এবারের বাজেটে বিকশিত আসামের লক্ষ্য পূরণের উদ্দেশ্যে কৃষক ,দরিদ্র শ্রেণী ,যুব প্রজন্ম এবং মহিলা সবলীকরণের মতো বিষয়গুলিতে বিশেষ গুরুত্ব প্রদান করা হবে ।

---

রাজ্যের সর্বোচ্চ অসামরিক সম্মান অসম বৈভব, অসম সৌরভ এবং অসম গৌরব পুরষ্কার ঘোষনা করা হয়েছে । গতকাল দিশপুর জনতা ভবনে রাজ্য মন্ত্রীসভার বৈঠকে এই পুরষ্কার প্রদানের সিদ্ধান্ত হয়েছে । মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা সাংবাদিকদের জানান যে অবসরপ্রাপ্রাপ্ত সেনা আধিকারীক লেফটেনেন্ট রাণা প্রতাপ কলিতাকে অসম বৈভব পুরষ্কারে সম্মানিত করা

হবে । এছাড়া ছয় জনকে অসম সৌরভ এবং ১২ জনকে অসম গৌরব পুরষ্কার প্রদানের সিদ্ধান্ত হয়েছে । এরমধ্যে  বদরপুরের মাছ ব্যবসায়ী নজরুল হক অসম গৌরব পুরষ্কার পাচ্ছেন ।

---

সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্যায় আজ থেকে শুরু হচ্ছে , চলবে চৌঠা এপ্রিল পর্যন্ত  । এই অধিবেশনে ২০ টি বৈঠক অনুষ্ঠিত হবে । এই পর্যায়ে ২০২৫-২৬ অর্থ বছরের দাবী মঞ্জুরী প্রস্তাব ও আনুসাঙ্গিক বিনিয়োজন বিল সম্পর্কে আলোচনা ও ভোটদান অনুষ্ঠিত হবে । এছাড়া বেংকিং আইন সংশোধনী বিল , প্রব্রজন তথা বিদেশী বিল ২০২৫ , উপকূলীয় নৌ পরিবহন বিল , রেলওয়ে সংশোধনী বিল সহ বেশ কয়েকটি বিল উত্থাপন করা হবে । উল্লেখ্য বাজেট অধিবেশনের প্রথম পর্যায় ৩১ শে জানুয়ারী থেকে  ১৩ ই ফেব্রুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হয়েছিল ।

---

শ্রম ও নিয়োগ মন্ত্রক বিভিন্ন সংস্থায় কর্মরত শ্রমিকদের আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী  জন  আরোগ্য যোজনার সুবিধা লাভ করার জন্য ই-শ্রম পোর্টালে নাম পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছে । আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন  আরোগ্য যোজনার অধীনে দেশের বিভিন্ন প্রান্তের ৩১ হাজারেরও অধিক তালিকাভুক্ত সরকারী ও বেসরকারী হাসপাতালে চিকিৎসার জন্য প্রতিটি পরিবারকে বছরে ৫ লক্ষ টাকার স্বাস্থ্য বীমা প্রদান করা হবে । দেশের অর্থব্যবস্থার অস্থায়ী-স্বনিয়োজিত  শ্রমিক ও অনলাইন  মঞ্চের হয়ে কাজ করা ব্যাক্তিদের অবদানের কথা স্বীকার করে ২০২৫-২৬ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেটে এই ব্যাক্তিদের জন্য ই-শ্রম পোর্টেলে  নাম পঞ্জীয়ন

,পরিচয় পত্র জারি করা এবং স্বাস্থ্য সুবিধা প্রদানের ব্যাবস্থা করেছে । বাজেটে করা এই ঘোষনাগুলির রূপায়ন করার উদ্দেশ্যে শ্রম ও নিয়োগ মন্ত্রক শীঘ্রই একটি প্রকল্প আরম্ভ করবে ।

---

কাছাড় জেলা প্রশাসনের ব্যবস্থাপনায়  এবং সক্ষম সংস্থার সহযোগীতায় গতকাল শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত পার্পল মেলায় বিশেষভাবে সক্ষম ব্যাক্তিদের প্রতিভা ও দক্ষতা তুলে ধরা হয়েছে । বিশেষভাবে সক্ষম ব্যাক্তিদের আত্ম-বিশ্বাস বৃদ্ধি এবং তাদের প্রতিভা , কলা -সংস্কৃতি এবং দক্ষতাকে সমাজের সামনে তুলে ধরাই এই পার্পল মেলার মূল উদ্দেশ্যে । প্রায় একশ জন দিব্যাঙ্গ শিশু , কিশোর-কিশোরী এবং ছাত্র-ছাত্রী এই পার্পল মেলায় অংশ গ্রহন করে ।

আমাদের সংবাদদাতার সঙ্গে কতা বলতে গিয়ে পার্পল মেলা সর্ম্পকে কমপোসাইট আঞ্চলিক কেন্দ্র গুয়াহাটীর দক্ষতা প্রশক্ষিন সমন্বয়ক শুভেন্দু কোলে জানান----

**বাইট ২৮ সে।**

---

সামাজিক ও সাংস্কৃতিক সংস্থা রূপম আয়োজিত ৪৪তম নরেশ চন্দ্র পাল স্মৃতি সর্বভারতীয় বাংলা একাঙ্ক নাটক প্রতিযোগীতা আগামী ১৬ই মার্চ থেকে শিলচর বঙ্গভবনে শুরু হবে । এই প্রতিযোগীতা ২৩শে মার্চ পর্য্যন্ত চলবে । এউপলক্ষ্যে আগামী ১৪ই মার্চ বিকেল চারটায়  গোলদিঘী মল থেকে একটি বর্ণাঢ্য শোভা যাত্রার আয়োজন করা হয়েছে । বিশিষ্ট চিকিৎসক ডক্টর কুমার কান্তি দাস  সর্ব ভারতীয় বাংলা একাঙ্ক নাটক

প্রতিযোগীতার উদ্বোধন করবেন । প্রতিদিন বিকেল ৩টে থেকে নাটক প্রতিযোগীতা শুরু হবে । শুধুমাত্র ২২শে মার্চের নাটকে প্রবেশ পত্র থাকবে বলে জানানো হয়েছে ।

---

তেজপুর বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের বিভিন্ন পাঠ্যক্রমে নাম ভর্তির জন্য অনলাইন পঞ্জীয়ন প্রক্রিয়া শুরু হয়েছে । বিশ্ববিদ্যালয়ের অধীনের স্নাতক স্নাতকত্তোর , পি এইচ ডি , ডিপ্লোমা এবং অন্যান্য পাঠ্যক্রমের জন্য আগ্রহী ছাত্র-ছাত্রীরা অন লাইনে আবেদনকরতে পারবে । আবেদন পত্র জমা করার শেষ দিন হচ্ছে আগামি ৩০শে এপ্রিল এবং ৬ থেকে ৮ই জুনের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং কাবুগঞ্জ পাকইপারের গ্রিন একাডেমির ব্যবস্থাপনায় আগামী ১০ই মার্চ ভুবনেশ্বর নগরের ভুবনেশ্বর পাবলিক সিনিয়র সেকেন্ডারী স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

শ্রীভূমি পৌরসভার সভাপতি এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শ্রীভূমি শহরের পুলিশ সুপার কার্য্যলয়ের সম্মুখে কালভার্ট নির্মানের জন্য আগামীকাল থেকে ১৫ই মার্চ পর্য্যন্ত পুলিশ সুপারের কার্য্যলয় থেকে ইলেকশন অফিস পর্য্যন্ত সড়ক , যাতায়াতের জন্য সম্পূর্ন বন্ধ থাকবে । ।

---